

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

আদেশ

তারিখ: ০৭ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ/২০ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০৮-আইন/২০১৬।—Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ০১ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নলুপ্ত অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১২ এর উপ-অনুচ্ছেদ (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৫) জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ কার্যকর হইবার তারিখ হইতে—

(ক) বিসিএস ক্যাডারভুক্ত এবং ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের বেতন জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ এর ৯ম গ্রেডে একটি অতিরিক্ত অঞ্চিত বেতন বৃক্ষির সুবিধাসহ নির্ধারিত হইবে; অর্থাৎ তাহাদের নির্ধারিত প্রারম্ভিক বেতন হইবে
 $(22000+1100)=23100$ টাকা; এবং

(৫০১৯)

মূল্য : টাকা ৮,০০

(খ) পদোন্নতির মাধ্যমে ৯ম গ্রেডগাণ্ড এবং বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করিয়া কোন ক্যাডার পদে নিয়োগ লাভ করেন নাই কিন্তু বাংলাদেশ সরকারি কর্মকর্মশনের (পিএসসি) সুপারিশক্রমে ৯ম গ্রেডে নন-ক্যাডার পদে নিয়োগ লাভ করিয়াছেন এইরূপ সকল কর্মচারীগণের বেতন জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ এর ৯ম গ্রেডে নির্ধারিত হইবে; অর্থাৎ তাহাদের নির্ধারিত প্রারম্ভিক বেতন হইবে ২২০০০ টাকা।

ব্যাখ্যা।—উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত কর্মচারীগণ উক্ত উপ-অনুচ্ছেদের বিধান অনুযায়ী চাকুরির প্রবেশ পদে এক বা একাধিক অফিম বেতন বৃদ্ধির সুবিধাসহ এই উপ-অনুচ্ছেদের দফা (ক) এ উল্লিখিত একটি অতিরিক্ত বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন।”।

২। **বিশেষ বিধান।**—চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১২ এর উপ-অনুচ্ছেদ (৫) এর দফা (ক) তে যাহা কিছুই থাকুক না কেন, এই আদেশ জারীর পূর্বে, ইতোমধ্যে বিসিএস ক্যাডারভুক্ত কোন কর্মচারী জাতীয় বেতনক্ষেত্র, ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে বেতন নির্ধারণের পর যে ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইয়াছে পুনরায় উক্ত কর্মচারীর ৯ম গ্রেডে বেতন নির্ধারণের ক্ষেত্রে ইতোপূর্বে ৮ম গ্রেডে নির্ধারিত বেতন হইতে কম বেতন প্রাণ্ড হইবেন না; সেইক্ষেত্রে নতুন করিয়া ৯ম গ্রেডে বেতন নির্ধারণকালে তাঁহার বেতন ৯ম গ্রেডের সংশ্লিষ্ট ধাপের সমান হইলে এই ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে এবং যদি অনুরূপ ক্ষেত্রে (৯ম গ্রেডে) উক্ত অংকের সমান কোন ধাপ না থাকে তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে।

৩। ইহা ১ জুলাই ২০১৫ স্বিস্টার্ক তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মমতাজ-আলা-শাহুর আহমেদ
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ।